

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (A Unit)
শিক্ষাবর্ষ : 2014-2015 [Set- 1]

০১. রানা প্রাজা বিধস্ত হয়-

- A. ২৩ শে এপ্রিল ২০১৩ B. ২৪ শে এপ্রিল ২০১৩
C. ২৫ শে এপ্রিল ২০১৩ D. ২১ শে নভেম্বর ২০১৩

ব্যাখ্যা : • ২৪ এপ্রিল ২০১৩ সালে রানা প্রাজা বিধস্ত হয়।

- প্রায় ২৫০০ জনেরও বেশি মানুষ আহত হয়।
- রানা প্রাজা বিধস্ত হওয়ার ফলে ১১২৯ মারা যায়।

Ans : B.

০২. গড় আয়ুতে সর্বনিম্ন দেশ কোনটি?

- A. নাইজার B. সিয়েরা লিওন
C. বুরন্ডি D. কোনটিই নয়

ব্যাখ্যা : মানব সূচক উন্নয়ন ২০১৪ অনুযায়ী গড় আয়ুতে সর্বনিম্ন দেশ- সিয়েরা লিওন।

Ans : B.

০৩. কোনটি রক্ত প্রদাহজনিত জ্বরের জন্য দায়ী নয়?

- A. Ebola virus B. Dengue virus
C. E. Coli D. সবগুলো

ব্যাখ্যা : Ebola virus, Dengue virus, E.coli রোগ গুলো ভাইরাসে জনিত রোগ। এই রোগগুলো রক্ত প্রদাহ জনিত জ্বরের জন্য দায়ী নয়।

Ans : D.

০৪. কোন আরব দেশ বাংলাদেশকে প্রথম স্বীকৃতি প্রদান করে?

- A. সৌদি আরব B. ইরাক C. সিরিয়া D. মিশর

ব্যাখ্যা : ইরাক - ০৮ জুলাই, ১৯৭২
মিশর - ১৫ সেপ্টেম্বর, ১৯৭৩
সিরিয়া - ১৫ সেপ্টেম্বর, ১৯৭৩
সৌদি আরব - ১৬ আগস্ট, ১৯৭৫।

Ans : B.

০৫. ভূমিকম্পের উৎপত্তি নিচের কোন কারণে?

- A. সুউচ্চ ভবনের চাপে
B. শিল্প কারখানায় সৃষ্ট তাপে
C. ভূ-অভ্যন্তরের শিলাস্তরে হঠাৎ সৃষ্ট ফাটলের কারণে
D. জলোচ্ছ্বাসের কারণে

ব্যাখ্যা : ভূমিকম্পের প্রথম ও প্রধান কারণ - ভূ-অভ্যন্তরের শিলাস্তরে হঠাৎ সৃষ্ট ফাটল।

Ans : C.

০৬. গ্রানাইট (Granite) কোন ধরনের শিলা-

- A. পাললিক B. আগ্নেয়
C. রূপান্তরিত D. সবগুলোই

ব্যাখ্যা : • রূপান্তরিত শিলা - তাপ ও চাপ বা রাসায়নিক প্রক্রিয়ার ফলে আগ্নেয় শিলা ও পাললিক শিলা গঠিত হয়, তাকে বলা হয় রূপান্তরিত শিলা।
যেমন- গ্রানাইট, নিস্ ব্যাসল্ট, আফিবলাইট আগাইট, হর্নব্লেন্ড বেলেপাথর, কোয়ার্টজাইট।

Ans : C.

০৭. কোনটি লৌহের আকরিক নয়?

- A. (FeMg)₂SiO₄ B. Fe₂O₃
C. Fe₃O₄ D. FeCO₃

Ans : A.

০৮. সাম্প্রতিক সময়ে আলোচিত 'Blue Economy' হচ্ছে-

- A. নীলনদ তীরবর্তী দেশগুলোর বিশেষ অর্থনৈতিক কর্মকান্ড
B. বিষাক্ত রাসায়নিক শিল্প বর্জ্য পূর্ণব্যবহার করে অর্থনৈতিক উন্নয়ন
C. সমুদ্র পৃষ্ঠ ও তলদেশের সম্পদের ব্যবহারের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন
D. সমুদ্র দূষণ রোধকল্পে সৃষ্ট অর্থনৈতিক পরিকল্পনা

ব্যাখ্যা : • ব্লু - ইকোনমি বা নীল বিপ্লব হচ্ছে সমুদ্রপৃষ্ঠ ও তলদেশের সম্পদের ব্যবহারের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন।

• ১৯৯৪ সালে অধ্যাপক গুন্টার পাউলি ভবিষ্যতের অর্থনীতির রূপরেখা প্রণয়নের জন্য একটি টেকসই ও পরিবেশ বান্ধব মডেল হিসেবে ব্লু - ইকোনমির ধারণা দেন।

Ans : C.

০৯. Fill in the blank with correct word.

The job requires excellent-

- A. Communication ability B. Communication skills
C. Communication skill D. Communication quality

ব্যাখ্যা : কিছু Noun আছে যেগুলোর সাথে সবসময় s যুক্ত থাকে।

যেমন : News, Skills, Measles etc. তাই Communication Skills (যোগাযোগ দক্ষতা) হবে।

Ans : B.

১০. What is the synonym of word 'Melodious'

- A. Tragic B. Corrupt C. sonorous D. Porus

ব্যাখ্যা : Melodious - সু মধুর/সুরেলা

Synonym : Harmonic, Sweet, Musical, Sonorous

Antonym : Tuneless, Unmelodious

Ans : C.

১১. 'The moral law is above the civil'. The underlined word is-

- A. Adjective B. Pronoun C. Preposition D. Adverb

ব্যাখ্যা : Preposition shows the relationship of a noun or pronoun to another word.

এখানে above শব্দটি 'The moral law' এবং 'the civil' Noun দুটির মধ্যে সম্পর্ক স্থাপন করেছে।

Ans : C.

১২. পত্নী শব্দের সঠিক অর্থ কোনটি?

- A. দ্বার B. দ্বারা C. দারা D. দেবত্র

ব্যাখ্যা : পত্নী শব্দের সঠিক অর্থ - দারা।

- দ্বার - দরজা
দ্বারা - তৃতীয়া বিভক্তি।

Ans : C.

১৩. 'Agenda' শব্দের পরিভাষা কি?

- A. কর্ম পরিকল্পনা B. শব্দ বিন্যাস C. কর্মসূচী D. আলোচ্যসূচী

ব্যাখ্যা :

মূলশব্দ	পারিভাষিক শব্দ	মূলশব্দ	পারিভাষিক শব্দ
Agenda	আলোচ্যসূচী	Banquet	ভোজসভা
Ballad	গীতিকা	Barter	বিনিময়
Bankrupt	দেউলিয়া		

Ans : D.

১৪. উত্তম পুরুষের উদাহরণ কোনটি?

- A. তোমরা B. আমরা C. আপনি D. ওরা

ব্যাখ্যা : সাধারণত পুরুষ তিন প্রকার-

উত্তম পুরুষ	আমি, আমরা
মধ্যম পুরুষ	তুমি, তোমরা
নাম পুরুষ	সে, তারা, রহিম, ওরা

Ans : B.

১৫. CO₂ গ্যাসের ক্রান্তি তাপমাত্রা হল-
A. 31.1°C B. 118.8°C C. -240°C D. 48.1°C

ব্যাখ্যা :

	ক্রান্তি তাপমাত্রা	ক্রান্তি চাপ	ক্রান্তি আয়তন
CO ₂	31.1°C	72.9 atm	95.65 mL mol ⁻¹
H ₂	-240°C	12.8 atm	64.51 mL mol ⁻¹
O ₂	-118.80°C	49.7 atm	74.42 mL mol ⁻¹
He	-267.65°C	1.26 atm	

Ans : A.

১৬. কোন গ্যাসের অণুর RMS বেগ (C) হলো-

A. $\sqrt{\frac{3RT}{M}}$ B. $\sqrt{\frac{2RT}{M}}$ C. $\sqrt{\frac{8RT}{M}}$ D. $\sqrt{\frac{RT}{M}}$

ব্যাখ্যা : গড় গতিবেগ, $\bar{C} = \sqrt{\frac{8RT}{\pi M}}$


সদ্ব্যবস্থিত বেগ, $a = \sqrt{\frac{2RT}{M}}$

বর্গমূল গড় বর্গবেগ (RMS), $C = \sqrt{\frac{3RT}{M}}$

Ans : A.

১৭. NaOH(aq) + HCl(aq) = NaCl(aq) + H₂O(l) এর ΔH° হলো-
A. -57.24 kJ B. -57.28 kJ C. -58.03 kJ D. -55.2 kJ

ব্যাখ্যা :



Ans : A.

১৮. EDTA পদ্ধতিতে পানির খরতা নির্ণয়ের সময় দ্রবণের pH অবশ্যই রাখতে হবে-
A. 7.0 B. 10.0 C. 5.5 D. 6.6

ব্যাখ্যা : NH₄Cl ও NH₄OH এর সমন্বয়ে সৃষ্ট ক্ষারীয় বাফার দ্রবণ এবং ইরিওক্রোম ব্ল্যাক-T (EBT) নির্দেশক উপস্থিতিতে ইথিলিন ডাই-অ্যামিন টেট্রা অ্যাসিটিক এসিড (EDTA) দ্বারা পরীক্ষা করে পানির স্থায়ী ও অস্থায়ী উভয় প্রকার খরতাই শনাক্ত করা হয়। এ সময় বাফার দ্রবণের pH থাকে 10।

Ans : B.

১৯. হেবার-বস পদ্ধতিতে অ্যামোনিয়া প্রস্তুতিতে ব্যবহৃত হয়-

- A. V₂O₅ B. Fe
C. Al₂O₃ D. Ni

ব্যাখ্যা : হেবার বস পদ্ধতিতে অ্যামোনিয়ার শিল্পোৎপাদনে অত্যনুকূল তাপমাত্রা 450°-550°C

প্রভাবক: লৌহ (Fe) চূর্ণ

প্রভাবক সহায়ক: Mo

চাপ: 200 বায়ুমণ্ডল চাপ

15-20% অ্যামোনিয়া উৎপন্ন হয়।

Ans : B.

২০. তাপহারী বিক্রিয়ায় তাপ প্রয়োগ করলে সাম্যাবস্থা সরে যায়-

- A. ডানদিকে B. বামদিকে
C. উভয়দিকে D. কোনদিকেই নয়

ব্যাখ্যা : সাম্যাবস্থায় নিয়ামকের প্রভাব (শাতেলিয়ার নীতি) :

□ ঘনমাত্রা :

১. বিক্রিয়কের ঘনমাত্রা ∝ বিক্রিয়ার হার (সম্মুখমুখী)

২. উৎপাদের ঘনমাত্রা ∝ $\frac{\text{সম্মুখমুখী বিক্রিয়া হার}}{\text{সম্মুখমুখী বিক্রিয়া হার}}$

□ তাপমাত্রা :

• তাপহারী বিক্রিয়ায় :

- বৃদ্ধি করলে সাম্যাবস্থা ডান দিকে অগ্রসর হয় অর্থাৎ উৎপাদ বৃদ্ধি পায়।
- হ্রাস করলে সাম্যাবস্থা বাম দিকে অগ্রসর হয় অর্থাৎ উৎপাদ কমে যায়।

• তাপউৎপাদী বিক্রিয়ায় :

- বৃদ্ধি করলে সাম্যাবস্থা বাম দিকে অগ্রসর হয়।
- হ্রাস করলে সাম্যাবস্থা ডান দিকে অগ্রসর হয়।

□ চাপ :

১. যখন উৎপাদের গ্যাসীয় উপাদানের মোলসংখ্যা > বিক্রিয়কের গ্যাসীয় মোলসংখ্যা তখন চাপ বৃদ্ধিতে সাম্যাবস্থা বাম দিকে এবং হ্রাসে ডান দিকে অগ্রসর হয়।

২. উৎপাদের গ্যাসীয় উপাদানের মোল সংখ্যা < বিক্রিয়কের গ্যাসীয় উপাদানের মোল সংখ্যা তখন চাপ বৃদ্ধিতে সাম্যাবস্থা ডান দিকে এবং চাপ হ্রাস করলে বাম দিকে অগ্রসর হবে।

Ans : A.

২১. 640 gm তেলের আয়তন কত যদি তেলের ঘনত্ব হয় 0.80 gm/ml?

- A. 800 L B. 0.8 L C. 512 L D. কোনটিই না

ব্যাখ্যা : $m = eV \Rightarrow V = \frac{m}{e} = \frac{640 \text{ gm}}{0.8 \text{ gm/ml}} = 800 \text{ mL} = 0.8 \text{ L}$

Ans : B.

২২. যদি কোন দ্রবণের pH এর মান 2 থেকে 5 এ পরিবর্তন করা হয় তবে দ্রবণের H⁺ আয়নের ঘনমাত্রা কত কমবে?

- A. 3 B. 10⁻³ C. 10² D. 10³

ব্যাখ্যা : pH = 2 ∴ [H⁺] = 10^{-pH} = 10⁻²

pH = 5 ∴ [H⁺] = 10^{-pH} = 10⁻⁵

∴ ঘনমাত্রা কমলো = $\frac{10^{-2}}{10^{-5}} = 10^3$ গুণ

Ans : D.

২৩. কোনটিতে ক্লোরিনের জারণ সংখ্যা সর্বাধিক?

- A. HClO B. HClO₂ C. HClO₃ D. HClO₄

ব্যাখ্যা : HClO তে Cl এর জারণ সংখ্যা = +1

HClO₂ তে Cl এর জারণ সংখ্যা = +3

HClO₃ তে Cl এর জারণ সংখ্যা = +5

HClO₄ তে Cl এর জারণ সংখ্যা = +7

Ans : D.

২৪. বায়ুমণ্ডলে নিম্নের কোনটি সবচেয়ে বেশি পাওয়া যায়?

- A. He B. Ne C. Ar D. Kr

ব্যাখ্যা :

উপাদান	সাধারণ বায়ুতে		CO ₂ ও জলীয়বাষ্প যুক্ত বায়ুতে	
	% আয়তন	% ভর	% আয়তন	% ভর
N ₂	77.16	74.68	78.11	75.50
O ₂	20.60	23.10	21.00	23.40
নিক্রিয় গ্যাস	0.80	0.85	0.94	0.98
CO ₂	0.04	0.055		
জলীয় বাষ্প	1.40	1.45		

নিক্রিয় গ্যাসের পরিমাণ-

হিলিয়াম → 5.24 × 10⁻⁴% নিয়ন → 1.818 × 10⁻³%

আর্গন → 0.934% ক্রিপ্টন → 1.14 × 10⁻⁴%

জেনন → 8.7 × 10⁻⁶%

Ans : C.

২৫. N এর সর্বোচ্চ জারণ অবস্থা নিম্নের কোনটিতে?

- A. N_2O_5 B. $[NH_4]^+$ C. NO_2 D. $[NO_2]^-$


ব্যাখ্যা : N_2O_5 এ N এর জারণ সংখ্যা +5
 NH_4^+ এ N এর জারণ সংখ্যা -3
 NO_2 এ N এর জারণ সংখ্যা +4
 $[NO_2]$ এ N এর জারণ সংখ্যা +3

Ans : A.

২৬. Li_2O এর জলীয় দ্রবণ-

- A. এসিডিক B. ক্ষারীয়
 C. উভয়ধর্মী D. নিরপেক্ষ

ব্যাখ্যা : • ধাতুর অক্সাইড, হাইড্রোক্সাইড ক্ষারীয়।
 • অধাতুর অক্সাইড, হাইড্রোক্সাইড অম্লীয়।



Ans : B.

২৭. কোনটি K এর সঠিক ইলেকট্রন বিন্যাস?

- A. $1s^2 2s^2 2p^4 3s^4 3p^6 4s^1$ B. $1s^2 2s^4 2p^6 3s^2 3p^4 4s^1$
 C. $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 4s^1$ D. $1s^2 2s^2 2p^4 3s^6 3p^4 4s^1$

Ans : C.

২৮. মুদ্রা ধাতু বলা হয় কোন গ্রুপের মেটাল সমূহকে?

- A. IB B. IA
 C. VIIA D. IIA

ব্যাখ্যা : IA → ক্ষার ধাতু
 IIA → মৃৎক্ষার ধাতু
 IB → মুদ্রা ধাতু (Cu, Ag, Au)
 IIIB → বিরল মৃত্তিকা মৌল
 VIA → চালকোজেন/আকরিক উৎপাদনকারী।
 VIIA → হ্যালোজেন/সামুদ্রিক লবণ উৎপাদনকারী।
 O → নিষ্ক্রিয় গ্যাস/অভিজাত/বিরল/ Noble গ্যাস।

Ans : A.

২৯. কোনটি অ্যান্টিনাইড সিরিজের মৌল নয়?

- A. U B. Th
 C. Zr D. Md

ব্যাখ্যা :

- ল্যান্থানাইড সিরিজ-
 La (57), Ce (58), Pr (59), Nd (60), Pm (61)
 Sm (62), Eu (63), Gd (64), Tb (65), Dy (66)
 Ho (67), Er (68), Tm (69), Yb (70), Lu (71)
- অ্যান্টিনাইড সিরিজ-
 Ac (80), Th (90), Pa (91), U(92), Np (93)
 Pu (94), Am (95), Cm (96), Bk (97), Cf (98)
 Es (99), Fm (100), Md (101) No (102), Lr (103)

Ans : C.

৩০. মিথেন অণুর জ্যামিতিক আকৃতি কী?

- A. সমতলীয় ডাইগোনাল B. সরল রৈখিক
 C. চতুস্তলকীয় D. হেক্সেন

ব্যাখ্যা : বিস্তারিত : A (2016-17) Set-9 এর (63) নং দেখ।

Ans : C.


৩১. হাকেল নিয়ম প্রযোজ্য হয় নিচের কোন যৌগে?

- A. সাইক্লোহেক্সেন B. বেনজিন
 C. সাইক্লোপ্রোপেন D. হেক্সেন

ব্যাখ্যা : হাকেল নীতি-

i) সকল অ্যারোমেটিক যৌগের অনুতে সমতলীয় ও চাক্রিক একটি কাঠামো থাকে যার উপরে ও নিচে সঞ্চারণশীল π ইলেকট্রনের আণবিক অরবিটাল বিদ্যমান।

ii) $(4n + 2)$ সংখ্যক π সঞ্চারণশীল ইলেকট্রন π আণবিক অরবিটালে অবস্থান করে।



n এর মান 0 থেকে 1, 2, 3 ইত্যাদি পূর্ণ সংখ্যা। যেসব অসম্পূর্ণ সমতলীয় চাক্রিক যৌগে $(4n + 2)$ সংখ্যক সঞ্চারণশীল π ইলেকট্রন থাকবে না, এরা অ্যারোমেটিক যৌগ হবে না।

Ans : B.

৩২. অর্দ্রতাকারক ক্রিম তৈরিতে ব্যবহৃত হয়-

- A. মিথানল B. মিথানাল C. সরবিটাল D. গ্লাইকল

ব্যাখ্যা : • Moisturizing Cream → প্রোপেন 1, 2 ডাই অল + সরবিটাল + গ্লিসারল।

- ডাক্তারী যন্ত্রপাতির জীবাণুনাশক → 70% ইথানল + 30% পানি।
- Prestone/Antifreeze/হিমরোধক → 60% পানি + 40% গ্লাইকল।
- রেকটিফাইড স্পিরিট → 95.6% ইথানল + 4.4% পানি
- মিথিলেটেড স্পিরিট → ইথানল + মিথানল (5-10%) + বেনজিন (3%) + দুর্গন্ধযুক্ত পিরিডিন।

Ans : C.

৩৩. CH_3CHO এবং CH_3COCH_3 এর মধ্যে পার্থক্য সূচক পরীক্ষায় ব্যবহৃত হয়-

- A. $K_2Cr_2O_7/H^+$ B. 2,4-DNP
 C. $[Ag(NH_3)_2]^+$ D. PCl_3

ব্যাখ্যা : অ্যালডিহাইড শনাক্তকরণ :


পরীক্ষা	পর্ববেক্ষণ	ফলাফল
টলেন বিকারক পরীক্ষা	$CH_3-CHO + 2[Ag(NH_3)_2]OH \rightarrow 2Ag\downarrow + CH_3COONH_4 + 3NH_3 + H_2O$	সিলভার দর্পন
ফেহলিং দ্রবণ পরীক্ষা	$CH_3-CHO + 2Cu(OH)_2 + NaOH \rightarrow CH_3COONa + Cu_2O + 3H_2O$	কপার (II) অক্সাইডের লাল অধঃক্ষেপ

Ans : C.

৩৪. এসিড জাতকের মধ্যে কোনটি সবচেয়ে অধিক সক্রিয়?

- A. CH_3COCl B. $(CH_3CO)_2O$
 C. CH_3CONH_2 D. $CH_3COC_2H_5$

ব্যাখ্যা : • অ্যালকাইল ফ্রী রেডিক্যাল এর স্থায়িত্ব ক্রম :




• অ্যালকোহলের অম্লধর্মীতার ক্রম : $1^\circ > 2^\circ > 3^\circ$


• অ্যালকোহলের সক্রিয়তার ক্রম : $1^\circ < 2^\circ < 3^\circ$

• অ্যালকোহলের স্ফুটনাঙ্ক : $3^\circ > 2^\circ > 1^\circ$


• এসিড জাতকের সক্রিয়তার ক্রম :



• অ্যালকাইল মূলকের প্রভাব :



• আবেশী প্রভাব :



• অ্যামিন সমূহের ক্ষারকীয় ক্ষমতার ক্রম : $2^\circ > 1^\circ > 3^\circ > Ar-NH_2$

Ans : A.

৩৫. নিচের কোনটি অধিক ক্ষারধর্মী হবে?

- A. NH_3 B. CH_3NH_2
C. $(\text{CH}_3)_2\text{NH}$ D. $\text{C}_6\text{H}_5\text{NH}_2$

ব্যাখ্যা : উপরের ৩৪ নং দেখ।

Ans : C.

৩৬. অতিরিক্ত খাদ্য থেকে লিভারে সঞ্চিত সুগার হলো-

- A. গ্লুকোজ B. ফ্রুকটোজ C. গ্লাইকোজেন D. সুক্রোজ

ব্যাখ্যা : স্টার্চের পরিপাকের পর উৎপন্ন গ্লুকোজ রক্তপ্রবাহে শোষিত হয়। রক্তশ্রোতে স্বাভাবিক গ্লুকোজের পরিমাণ $60-100 \text{ mg}/100 \text{ cm}^3$ । এর বেশী পরিমাণ হলে অতিরিক্ত গ্লুকোজ ঘনীভবন বিক্রিয়া দ্বারা লিভারে গ্লাইকোজেনরূপে স্বল্প সময়ের জন্য জমা হয়।

Ans : C.

৩৭. $\vec{a} = \hat{i} + 2\hat{j} + \hat{k}$ এবং $\vec{b} = 3\hat{i} + \hat{j} - 4\hat{k}$ দুটি ভেক্টর রাশি হলে

$$|2\vec{a} - 3\vec{b}| = \text{কত?}$$

- A. $\sqrt{114}$ B. $\sqrt{246}$ C. $\sqrt{110}$ D. $\sqrt{240}$

ব্যাখ্যা : $\vec{a} = \hat{i} + 2\hat{j} + \hat{k} \Rightarrow 2\vec{a} = 2\hat{i} + 4\hat{j} + 2\hat{k}$
 $\vec{b} = 3\hat{i} + \hat{j} - 4\hat{k} \Rightarrow 3\vec{b} = 9\hat{i} + 3\hat{j} - 12\hat{k}$

$$\therefore (2\vec{a} - 3\vec{b}) = -7\hat{i} + \hat{j} + 14\hat{k}$$

$$|2\vec{a} - 3\vec{b}| = \sqrt{(-7)^2 + (1)^2 + (14)^2} = \sqrt{246}$$

Ans : B.

৩৮. কোনটি পৃষ্ঠটানের মাত্রা সমীকরণ?

- A. $\text{ML}^{-1}\text{T}^{-2}$ B. MT^2
C. MLT^{-2} D. MT^{-2}

ব্যাখ্যা : • পৃষ্ঠটানের একক : Nm^{-1} • মাত্রা : MT^{-2}

Ans : D.

৩৯. 30 cm দীর্ঘ $31 \times 10^{-6} \text{ cm}^2$ প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি তারের ইয়ং এর গুণক $1.5 \times 10^{11} \text{ Nm}^{-2}$ । একে টেনে 0.1 cm বৃদ্ধি করতে হলে কতটুকু কাজ সম্পন্ন হবে?

- A. 0.25 J B. 0.2 J C. 0.15 J D. 0.22 J

$$\text{ব্যাখ্যা : } W = \frac{1}{2} Y A \frac{\Delta L^2}{L} = \frac{1.5 \times 10^{11} \times 31 \times 10^{-6} \times (0.01)^2 \times (0.001)^2}{2 \times 0.3} = 7.75 \times 10^{-4} \text{ J}$$

Ans : Blank.

৪০. কোনটি গ্যাসীয় মাধ্যমে শব্দের বেগ সংক্রান্ত ল্যাপলাসের সূত্র?

- A. $v = \sqrt{k/\rho}$ B. $v = \sqrt{P/\rho}$
C. $v = \sqrt{Y/\rho}$ D. $v = \sqrt{\gamma P/\rho}$

ব্যাখ্যা : শব্দের বেগ সংক্রান্ত-

• নিউটনের সূত্র : $v = \sqrt{\frac{E}{\rho}}$

• ল্যাপলাসের সূত্র : $v = \sqrt{\frac{\gamma P}{\rho}}$

Ans : D.

৪১. একটি কার্নো ইঞ্জিনের তাপ উৎসের তাপমাত্রা 327°C এবং তাপগ্রাহকের তাপমাত্রা 87°C হলে, ইঞ্জিনের কর্মদক্ষতা কত?

- A. 40% B. 30% C. 50% D. 20%

$$\text{ব্যাখ্যা : কর্মদক্ষতা, } \eta = \frac{T_1 - T_2}{T_1} \times 100\% = \frac{600\text{K} - 360\text{K}}{600\text{K}} \times 100\% = 40\%$$

Ans : A.

৪২. বরফের আপেক্ষিক তাপ হলো-

- A. $210 \text{ Jkg}^{-1}\text{K}^{-1}$ B. $2100 \text{ Jkg}^{-1}\text{K}^{-1}$
C. $4200 \text{ Jkg}^{-1}\text{K}^{-1}$ D. $140 \text{ Jkg}^{-1}\text{K}^{-1}$

ব্যাখ্যা : • বরফের আপেক্ষিক তাপ = $2100 \text{ Jkg}^{-1}\text{K}^{-1}$
• পানির আপেক্ষিক তাপ = $4200 \text{ Jkg}^{-1}\text{K}^{-1}$

Ans : B.

৪৩. দুটি আদর্শ কৃষ্ণবস্তুর প্রতি একক ক্ষেত্রফল হতে নির্গত তাপশক্তির অনুপাত 256 : 11 একটির তাপমাত্রা 2000 K হলে, অপরটির তাপমাত্রা কত?

- A. 400 K B. 450 K C. 500 K D. 600 K

$$\text{ব্যাখ্যা : } \frac{E_1}{E_2} = \frac{T_1^4}{T_2^4} \Rightarrow \sqrt[4]{\frac{E_1}{E_2}} = \frac{T_1}{T_2}$$

$$\Rightarrow T_2 = \sqrt[4]{\frac{E_2}{E_1}} \times T_1 = \sqrt[4]{\frac{11}{256}} \times 2000 = 910.58 \text{ K}$$

Ans : নাই.

৪৪. তাপগতীয় কোন প্রক্রিয়ায় গ্যাসের তাপমাত্রা স্থির থাকে কিন্তু চাপ ও আয়তনের পরিবর্তন হয়?

- A. রুদ্ধতাপীয় B. সমোষ্ণ C. সমআয়তন D. সমচাপ

ব্যাখ্যা : • সমোষ্ণ প্রক্রিয়া : যে প্রক্রিয়ায় সিস্টেমের তাপমাত্রা স্থির রেখে গ্যাসীয় পদার্থের চাপ ও আয়তনের পরিবর্তন ঘটানো হয়।

• রুদ্ধতাপীয় প্রক্রিয়া : যে প্রক্রিয়ায় সিস্টেমের মোট তাপশক্তি স্থির রেখে গ্যাসীয় পদার্থের চাপ ও আয়তনের পরিবর্তন ঘটানো হয়।

Ans : B.

৪৫. 27°C তাপমাত্রায় 0.8 Pa চাপে একটি গ্যাসের আয়তন 9 m^3 127°C ও আয়তন 3 m^3 করতে হলে কত চাপ প্রয়োগ করতে হবে?

- A. 5 N/m^2 B. 0.8 N/m^2
C. 3.2 N/m^2 D. 4 N/m^2

$$\text{ব্যাখ্যা : } \frac{P_1 V_1}{T_1} = \frac{P_2 V_2}{T_2}$$

$$\therefore P_2 = \frac{P_1 V_1 T_2}{V_2 T_1} = \frac{9 \times 400 \times 0.8}{300 \times 3} = 3.2 \text{ N/m}^2$$

Ans : C.

৪৬. কোনটি ঋণাত্মক x-অক্ষ অভিমুখে অগ্রগামী তরঙ্গের সরণ সমীকরণ?

- A. $y = y_0 \sin(\omega t - kx)$ B. $y = y_0 \sin \frac{2\pi}{T} t$
C. $y = y_0 \sin(\omega t + kx)$ D. $y = y_0 \sin \frac{2\pi}{\lambda} vt$

ব্যাখ্যা : $Y = Y_0 \sin \frac{2\pi}{\lambda} (vt - x)$ হলে তরঙ্গটি +X অক্ষ বরাবর অগ্রসর হবে।

$Y = Y_0 \sin \frac{2\pi}{\lambda} (vt + x)$ হলে তরঙ্গটি -X অক্ষ বরাবর অগ্রসর হবে।

Ans : C.

৪৭. একটি গ্রহের ভর ও ব্যাসার্ধ উভয়ই যথাক্রমে পৃথিবীর ভর ও ব্যাসার্ধের দ্বিগুণ। ভূ-পৃষ্ঠে $g = 9.8 \text{ ms}^{-2}$ হলে, ঐ গ্রহের পৃষ্ঠে g এর মান কত?
 A. 5 ms^{-2} B. 4.5 ms^{-2}
 C. 4.9 ms^{-2} D. 4.8 ms^{-2}

ব্যাখ্যা : $g = \frac{GM}{R^2}$ অর্থাৎ $g \propto \frac{M}{R^2}$

\therefore ঐ গ্রহের পৃষ্ঠে, $g = \frac{2}{2^2} \times 9.8 = 4.9 \text{ ms}^{-2}$

Ans : C.

৪৮. একটি অন্তরীত পরিবাহীতে 10 কুলম্ব চার্জ প্রদান করায় এর বিভব 2V হলো। পরিবাহীর ধারকত্ব কত হবে?
 A. 5 F B. $\frac{1}{5}$ F C. 20 F D. $\frac{1}{20}$ F

ব্যাখ্যা : $C = \frac{Q}{V} = \frac{10}{2} = 5 \text{ F}$

Ans : A.

৪৯. দুইটি গোলকের ব্যাসার্ধ যথাক্রমে 2 cm এবং 4 cm। এদেরকে যথাক্রমে 1000 কুলম্ব এবং 2000 কুলম্ব চার্জে চার্জিত করা হল। ক্ষুদ্র ও বৃহৎ গোলকের চার্জের তল ঘনত্বের অনুপাত কত?
 A. 2 : 1 B. 1 : 2 C. 4 : 1 D. 1 : 4

ব্যাখ্যা : চার্জের তলমাত্রিক ঘনত্ব, $\sigma = \frac{Q}{A} = \frac{Q}{4\pi r^2}$

$\therefore \frac{\sigma_1}{\sigma_2} = \frac{Q_1}{r_1^2} \times \frac{r_2^2}{Q_2} = \frac{1000}{2^2} \times \frac{4^2}{2000} = \frac{2}{1}$

Ans : A.

৫০. প্রতিটি 3V এর তিনটি ড্রাইসেল (যাদের প্রত্যেকের অভ্যন্তরীণ রোধ 1Ω) শ্রেণি সমবায়ে সাজিয়ে 27Ω এর বৈদ্যুতিক বাতিতে দেওয়া হলো। প্রবাহ কত হবে?
 A. $\frac{3}{28}$ A B. $\frac{1}{10}$ A C. $\frac{28}{3}$ A D. 10 A

ব্যাখ্যা : $I = \frac{nE}{R + nr} = \frac{3 \times 3}{27 + 3 \times 1} = \frac{3}{10}$ A

Ans : B.

৫১. 1 hr এ একটি 200 watt এর TV সেট এবং 20 min-এ 1000 watt এর একটি ইঞ্জির বিদ্যুৎ শক্তি ব্যবহারের অনুপাত কত হবে?
 A. 3:5 B. 1:5 C. 6:5 D. 12:5

ব্যাখ্যা : TV সেটের ক্ষেত্রে $W_1 = P_1 t_1 = 6 \times 200$
 ইঞ্জির ক্ষেত্রে $W_2 = P_2 t_2 = 20 \times 1000$

$\therefore \frac{W_1}{W_2} = \frac{6 \times 200}{20 \times 1000} = \frac{3}{5}$

Ans : A.

৫২. কোন স্থানে বিনতি কোণ ও ভূ-চৌম্বক ক্ষেত্রের মোট প্রাবল্যের মান যথাক্রমে 60° এবং 48 Am^{-1} হলে ভূ-চৌম্বক ক্ষেত্রের আনুভূমিক প্রাবল্যের মান কত?
 A. 12 Am^{-1} B. $24\sqrt{3} \text{ Am}^{-1}$
 C. 24 Am^{-1} D. $12\sqrt{3} \text{ Am}^{-1}$

ব্যাখ্যা : অনুভূমিক প্রাবল্যের মান, $H = I \cos \alpha = 48 \cos 60^\circ = 24 \text{ Am}^{-1}$

Ans : C.

৫৩. একটি গোলকীয় দর্পণ হতে 0.11 m দূরে একটি বস্তু রাখা হল এবং এর প্রতিবিম্ব দর্পণের একই পার্শ্বে 0.31 m দূরে গঠিত হলো। দর্পণটি কী ধরনের?
 A. সমতল B. অবতল
 C. উত্তল D. কোনটিই নয়

ব্যাখ্যা : ● অবতল ও বস্তুর আকারের সমান প্রতিবিম্ব হলে দর্পণটি সমতল।
 ● অবতল ও বস্তুর আকারের চেয়ে বড় প্রতিবিম্ব হলে দর্পণটি অবতল।
 ● অবতল ও বস্তুর আকারের চেয়ে ছোট প্রতিবিম্ব হলে দর্পণটি উত্তল।

এখানে, বিবর্ধন, $m = \frac{\text{বিষের দূরত্ব}}{\text{বস্তুর দূরত্ব}} = \frac{0.31}{0.11} = 2.8$

$m > 1$ হলে অবতল দর্পণ

Ans : B.

৫৪. অবতল দর্পণে প্রধান লক্ষ্যবস্তু প্রধান ফোকাসে থাকলে বিষের আকার হবে-
 A. খর্বিত B. অত্যন্ত খর্বিত
 C. বিবর্ধিত D. অত্যন্ত বিবর্ধিত

Ans : D.

৫৫. f ফোকাস দূরত্বের একটি উত্তল লেন্সে একটি বস্তুর m গুণ বিবর্ধিত বাস্তব প্রতিবিম্ব গঠিত হয়। প্রতিবিম্বের দূরত্ব কত হবে?
 A. $(1 + \frac{1}{m})f$ B. $(1 - \frac{1}{m})f$
 C. $(1 + m)f$ D. $(1 - m)f$

ব্যাখ্যা : বাস্তব প্রতিবিম্বের ক্ষেত্রে, $v = (m + 1)f$
 অবাস্তব প্রতিবিম্বের ক্ষেত্রে, $v = (m - 1)f$

Ans : C.

৫৬. বায়ু সাপেক্ষে কাঁচের প্রতিসরাঙ্ক $\frac{3}{2}$ । বায়ুতে আলোকের তরঙ্গ দৈর্ঘ্য 4800 Å হলে কাঁচে কত হবে?
 A. 7200 Å B. 3200 Å
 C. 4200 Å D. 5400 Å

ব্যাখ্যা : বায়ু সাপেক্ষে কাঁচের প্রতিসরাঙ্ক, $n_{ag} = \frac{\lambda_a}{\lambda_g}$

$\Rightarrow \frac{3}{2} = \frac{4800}{\lambda_g} \Rightarrow \lambda_g = 3200 \text{ Å}$

Ans : B.

৫৭. 2 m এবং 3 m ফোকাস দূরত্বের দুইটি অবতল লেন্স সংযুক্ত করলে উৎপন্ন লেন্সের ক্ষমতা কত?
 A. $-\frac{5}{6}$ D B. $+\frac{5}{6}$ D
 C. $-\frac{6}{5}$ D D. $+\frac{6}{5}$ D

ব্যাখ্যা : অবতল লেন্স এর f ঋণাত্মক হয়।

$P_1 = \frac{1}{f_1} = -\frac{1}{2}$

$P_2 = \frac{1}{f_2} = -\frac{1}{3}$

$\therefore P = P_1 + P_2 = -\frac{1}{2} - \frac{1}{3} = -\frac{5}{6}$ D

Ans : A.

৫৮. যদি একটি নিউট্রনকে সম্পূর্ণরূপে শক্তিতে রূপায়িত করা হয় তবে কত শক্তি পাওয়া যাবে? নিউট্রনের ভর = 1.674×10^{-27} kg
 A. $9 \times 1.674 \times 10^{-11}$ J B. $3 \times 1.674 \times 10^{-11}$ J
 C. $27 \times 1.674 \times 10^{-11}$ J D. $81 \times 1.674 \times 10^{-11}$ J

ব্যাখ্যা : $E = mc^2$
 $= 1.674 \times 10^{-27} \times (3 \times 10^8)^2$
 $= 9 \times 1.674 \times 10^{-11}$ J

Ans : A.

৫৯. $\begin{pmatrix} 3 & 4 \\ 5 & 6 \end{pmatrix} \begin{pmatrix} x \\ y \end{pmatrix} = \begin{pmatrix} -5 \\ -7 \end{pmatrix}$ হলে x ও y এর মান কত?

- A. 1, -2 B. -1, 2 C. -1, -2 D. 2, -1

ব্যাখ্যা : $\begin{pmatrix} 3 & 4 \\ 5 & 6 \end{pmatrix} \begin{pmatrix} x \\ y \end{pmatrix} = \begin{pmatrix} -5 \\ -7 \end{pmatrix} \Rightarrow \begin{pmatrix} 3x+4y \\ 5x+6y \end{pmatrix} = \begin{pmatrix} -5 \\ -7 \end{pmatrix}$

$\therefore 3x+4y=-5, 5x+6y=-7$
 সমাধান করে, $(x, y) = (1, -2)$

Ans : A.

৬০. 12 বাহুবিশিষ্ট একটি বহুভুজের কৌণিক বিন্দুর সংযোগ রেখা দ্বারা কতগুলো ত্রিভুজ গঠন করা যায়?

- A. 560 B. 200 C. 220 D. 120

ব্যাখ্যা : টেকনিক: যখন মোট বিন্দু বা ভুজের সংখ্যা = n

- I. ত্রিভুজের সংখ্যা = ${}^n C_3$
 II. চতুর্ভুজের সংখ্যা = ${}^n C_4$
 III. কর্ণের সংখ্যা = ${}^n C_4 - n$
 IV. ছেদ বিন্দুর সংখ্যা = ${}^n C_2$

\therefore ত্রিভুজের সংখ্যা = ${}^{12} C_3 = 220$

Ans : C.

৬১. $3x^2 + 7x - 2 = 0$ সমীকরণের মূল দুইটির যোগফল ও গুণফলের সমষ্টি কত?

- A. $-\frac{5}{3}$ B. $\frac{4}{3}$ C. 5 D. -3

ব্যাখ্যা : $3x^2 + 7x - 2 = 0$ সমীকরণের,

মূলদ্বয়ের যোগফল, $\alpha + \beta = -\frac{7}{3}$

মূলদ্বয়ের গুণফল, $\alpha\beta = -\frac{2}{3}$

\therefore এদের সমষ্টি = $-\frac{7}{3} - \frac{2}{3} = -\frac{9}{3} = -3$

Ans : D.

৬২. $(a+x)^5$ এর বিস্তৃতিতে x^3 এর সহগ 40 হলে a এর মান কত?

- A. 2 B. +2 C. -2 D. কোনটিই নয়

ব্যাখ্যা : টেকনিক: $(ax^m + bx^k)^n$ এর বিস্তৃতিতে

x^p এর সহগ = ${}^n C_r \cdot a^{n-r} \cdot b^r [r = \frac{m \times n - p}{m - k}]$

$\therefore r = \frac{0-3}{0-1} = 3$

প্রশ্নমতে, ${}^5 C_3 a^2 = 40 \Rightarrow a^2 = \frac{40}{{}^5 C_3} = \frac{40}{10} = 4 \therefore a = \pm 2$

Ans : B.

৬৩. $\sqrt{3} - i$ এর মডুলাস কত?

- A. $\sqrt{2}$ B. 2 C. 1 D. 4

ব্যাখ্যা: টেকনিক: মডুলাস = $\sqrt{x^2 + y^2}$

$\therefore \sqrt{3} - i$ এর মডুলাস = $\sqrt{(\sqrt{3})^2 + (-1)^2} = \sqrt{4} = 2$

Ans : B.

৬৪. $\int \frac{1}{3\sqrt{x}} dx =$ কত?

- A. $\frac{3}{2}\sqrt{x}$ B. $\frac{2}{\sqrt{3}}\sqrt{x}$
 C. $\frac{2}{3}\sqrt{x}$ D. $-\frac{2}{3}\sqrt{x}$

ব্যাখ্যা : $\int \frac{1}{3\sqrt{x}} dx = \frac{2}{3} \int \frac{dx}{2\sqrt{x}} = \frac{2}{3}\sqrt{x}$

Ans : C.

৬৫. $\int \frac{\tan x}{\sqrt{2} \cot x} dx =$ কত?

- A. $\frac{1}{\sqrt{2}}(\cot x - x) + c$ B. $(\tan x - x) + c$
 C. $(\tan x + x) + c$ D. $\frac{1}{\sqrt{2}}(\tan x - x) + c$

ব্যাখ্যা : $\int \frac{\tan x}{\sqrt{2} \cot x} dx = \frac{1}{\sqrt{2}} \int \tan^2 x dx$
 $= \frac{1}{\sqrt{2}} \int (\sec^2 x - 1) dx$
 $= \frac{1}{\sqrt{2}} (\tan x - x) + c$

Ans : D.

৬৬. $\frac{d}{dx} [\cot^{-1}(e^x)] =$ কত?

- A. $\frac{e^x}{1+e^x}$ B. $\frac{e^x}{1+e^{2x}}$
 C. $-\frac{e^x}{1+e^{2x}}$ D. $\frac{e^{2x}}{1+e^{2x}}$

ব্যাখ্যা : $\frac{d}{dx} [\cot^{-1}(e^x)] = -\frac{1}{1+(e^x)^2} \times e^x = -\frac{e^x}{1+e^{2x}}$

Ans : C.

৬৭. $\int_0^{\pi/4} (\tan^3 x + \tan x) dx =$ কত?

- A. $\frac{1}{4}$ B. $\frac{1}{2}$
 C. $\frac{\pi}{2}$ D. $\frac{\pi}{4}$

৭৬. ব্যাখ্যা : $\int_0^{\pi/4} (\tan^3 x + \tan x) dx$

$$= \int_0^{\pi/4} \tan x (\tan^2 + 1) dx = \int_0^{\pi/4} \tan x \cdot \sec^2 x dx = \left[\frac{\tan^2 x}{2} \right]_0^{\pi/4}$$

$$= \frac{\tan^2 \frac{\pi}{4}}{2} - \frac{\tan^2 0}{2} = \frac{1}{2}$$

Ans : B.

৭৭. $y = x(3 - x^2)$ এবং $\frac{dy}{dx} = 0$ হলে x এর মান কত?

- A. 1 B. -1 C. ± 1 D. 0

ব্যাখ্যা : $y = x(3 - x^2) \Rightarrow y = 3x - x^3$

$$\Rightarrow \frac{dy}{dx} = 3 - 3x^2 \Rightarrow 0 = 3(1 - x^2) \Rightarrow x = \pm 1$$

Ans : C.

৭৮. $f(x) = x^2 + 3|x|$ এবং $g(x) = 1 - x^2$ হলে, $f\{g(-2)\}$ = কত?

- A. 4 B. 18 C. -4 D. 14

ব্যাখ্যা : $f(x) = x^2 + 3|x|$

$g(x) = 1 - x^2$

$g(-2) = 1 - (-2)^2 = -3$

$\therefore f\{g(-2)\} = (-3)^2 + 3|-3| = 9 + 9 = 18$

Ans : B.

৭৯. $4x^2 + 4y^2 + 12x - 8y - 11 = 0$ বৃত্তটির ব্যাসার্ধ কত?

- A. 6 B. $\sqrt{3}$ C. 3 D. $\sqrt{6}$

ব্যাখ্যা : $4x^2 + 4y^2 + 12x - 8y - 11 = 0$

$$\Rightarrow x^2 + y^2 + 3x - 2y - \frac{11}{4} = 0$$

$$\therefore g = \frac{3}{2}, f = -1 \text{ এবং } c = -\frac{11}{4}$$

$$\therefore \text{ব্যাসার্ধ} = \sqrt{g^2 + f^2 - c} = \sqrt{\frac{9}{4} + 1 + \frac{11}{4}} = \sqrt{\frac{24}{4}} = \sqrt{6}$$

Ans : D.

৮০. $x - y = 0$ সরলরেখার উপর লম্ব এবং মূলবিন্দুগামী রেখার সমীকরণ কী?

- A. $(x + y) = -1$ B. $(x + y) = 1$
C. $(x + y) = 0$ D. $(x - y) = \sqrt{5}$

ব্যাখ্যা : $x - y = 0$ রেখার লম্বরেখার সমীকরণ, $x + y + k = 0$

রেখাটি মূলবিন্দু দিয়ে গেলে, $0 + 0 + k = 0$ বা, $k = 0$

\therefore রেখাটির সমীকরণ, $x + y = 0$

Ans : C.

৮১. দুটি ভেক্টর \vec{AB} ও \vec{AC} কে সন্নিহিত বাহু ধরে অঙ্কিত বর্গের

ক্ষেত্রফল 16 বর্গ একক। \vec{AB} ও \vec{AC} এর ক্রস গুণফলের মান কত?

- A. 16 একক B. 15 একক C. 12 একক D. 10 একক

ব্যাখ্যা : $|\vec{AB} \times \vec{AC}| = \text{বর্গক্ষেত্রের ক্ষেত্রফল} = 16 \text{ বর্গ একক।}$

Ans : A.

৭৩. $(-2, 3); (2, 4); (1, -2)$ শীর্ষবিশিষ্ট ত্রিভুজের ভরকেন্দ্র কোনটি?

- A. $(0, \frac{1}{2})$ B. $(\frac{1}{3}, \frac{5}{3})$
C. $(-\frac{1}{3}, 2)$ D. $(-\frac{5}{3}, 0)$

ব্যাখ্যা : ভরকেন্দ্র $(\frac{-2+2+1}{3}, \frac{3+4-2}{3}) = (\frac{1}{3}, \frac{5}{3})$

Ans : B.

৭৪. $\frac{\sin \theta}{1 + \cos \theta} =$ কত?

- A. $\cot \frac{\theta}{2}$ B. $\cot \theta$ C. $\tan \theta$ D. $\tan \frac{\theta}{2}$

ব্যাখ্যা : $\frac{\sin \theta}{1 + \cos \theta} = \frac{\sin 2 \cdot \frac{\theta}{2}}{1 + \cos 2 \cdot \frac{\theta}{2}} = \frac{2 \sin \frac{\theta}{2} \cos \frac{\theta}{2}}{2 \cos^2 \frac{\theta}{2}} = \tan \frac{\theta}{2}$


Ans : D.

৭৫. $\sec \theta = \frac{5}{2}$ হলে, $\operatorname{cosec} \theta$ কোনটি?

- A. $\frac{5}{\sqrt{29}}$ B. $\frac{29}{\sqrt{5}}$ C. $\frac{-\sqrt{21}}{5}$ D. $\frac{5}{\sqrt{21}}$

ব্যাখ্যা : $\sec \theta = \frac{5}{2}$

$\therefore \operatorname{cosec} \theta = \frac{5}{\sqrt{21}}$



Ans : D.

৭৬. $\tan 75^\circ$ এর মান কত?

- A. $\frac{1 - \sqrt{3}}{1 + \sqrt{3}}$ B. $\frac{\sqrt{3} + 1}{\sqrt{3} - 1}$ C. $\frac{\sqrt{3} - 1}{\sqrt{3} + 1}$ D. $\frac{1 + \sqrt{3}}{1 - \sqrt{3}}$

ব্যাখ্যা : $\tan 75^\circ = \tan (45^\circ + 30^\circ)$

$$= \frac{\tan 45^\circ + \tan 30^\circ}{1 - \tan 45^\circ \tan 30^\circ} = \frac{1 + \frac{1}{\sqrt{3}}}{1 - \frac{1}{\sqrt{3}}} = \frac{\sqrt{3} + 1}{\sqrt{3} - 1}$$

Ans : B.


৭৭. $y = x^3$, x অক্ষ এবং $x = 1$, $x = 3$ সরলরেখা দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত?

- A. 29 B. 21 C. 26 D. 20

ব্যাখ্যা : $y = x^3$ ক্ষেত্রফল = $\int_1^3 y dx$

$$= \int_1^3 x^3 dx = \left[\frac{x^4}{4} \right]_1^3$$

$$= \frac{3^4}{4} - \frac{1}{4} = \frac{80}{4} = 20$$




Ans : D.

৭৮. 1 হতে 50 এর মধ্যে একটি সংখ্যা দৈবভাবে চয়ন করলে তা মৌলিক সংখ্যা হওয়ার সম্ভাবনা কত?

- A. $\frac{14}{50}$ B. $\frac{15}{50}$
C. $\frac{13}{50}$ D. $\frac{16}{50}$

ব্যাখ্যা : টেকনিক: 1 থেকে 100 পর্যন্ত 25 টি মৌলিক সংখ্যা আছে।
মৌলিক সংখ্যা গণনা করার সহজ Technique :



1-50 পর্যন্ত মৌলিক সংখ্যা = 4 + 4 + 3 + 2 + 2 = 15
মোট সংখ্যা = 50টি

\therefore নির্ণেয় সম্ভাব্যতা = $\frac{15}{50}$

Ans : B.

৭৯. $\lim_{x \rightarrow 0} \frac{1 - \cos x}{\sin^2 2x}$ = কত?

- A. $\frac{1}{4}$ B. $\frac{1}{8}$
C. $\frac{1}{2}$ D. 1

ব্যাখ্যা : $\lim_{x \rightarrow 0} \frac{1 - \cos x}{\sin^2 2x} = \lim_{x \rightarrow 0} \frac{\sin x}{2 \sin 2x \cdot \cos 2x}$
 $= \lim_{x \rightarrow 0} \frac{\sin x}{4.2 \sin x \cdot \cos x \cdot \cos 2x} = \lim_{x \rightarrow 0} \frac{1}{8 \cos x \cos 2x} = \frac{1}{8}$

Ans : B.

৮০. x এর মান কত হলে $y = x(12 - 2x)^2$ ফাংশনের গুরুমান থাকবে?
A. 6 B. 2 C. 1 D. 3

ব্যাখ্যা : $f(x) = y = x(12 - 2x)^2$
 $\Rightarrow f'(x) = (12 - 2x)^2 - 2.2x(12 - 2x)$
গুরু ও লঘুমানের জন্য $f'(x) = 0$
 $\Rightarrow (12 - 2x)^2 - 4x(12 - 2x) = 0$
 $\Rightarrow (12 - 2x)(12 - 2x - 4x) = 0 \Rightarrow 12(6 - x)(2 - x) = 0$
 $\therefore x = 2, 6$
 $f''(x) = 2(12 - 2x)(-2) - 8(12 - 2x) - 8x(-2)$
 $\therefore f''(6) = 0 - 0 + 48 > 0$, $x = 6$ লঘুমান হবে
 $f''(2) = 2(12 - 4) - 8(12 - 4) + 32 = -16 < 0$
 $x = 2$ হলে গুরুমান হবে।

Ans : B.

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (A Unit)

শিক্ষাবর্ষ : 2014-2015 [Set-3]

০১. নিমতলীতে ভয়াবহ আগুন লাগে-

- A. ৩ জুন ২০১০ B. ১৩ জুন ২০১১
C. ৩ জুন ২০১১ D. কোনটিই নয়

ব্যাখ্যা : • ২০১০ সালের ৩ জুন পুরান ঢাকার নিমতলীতে ভয়াবহ আগুন লাগে। এই ঘটনাকে নিমতলী ট্রাজেডি বলা হয়।

• নিমতলী ট্রাজেডিতে ১২৪ জন মারা যায় এবং আহত হয় অর্ধশতাধিক।

Ans : A.

০২. সার্কভুক্ত দেশে মাথাপিছু আয়ে শীর্ষদেশ কোনটি?

- A. মালদ্বীপ B. পাকিস্তান C. ভারত D. বাংলাদেশ

ব্যাখ্যা :

সার্কভুক্ত দেশ	মাথাপিছু আয়	সার্কভুক্ত দেশ	মাথাপিছু আয়
মালদ্বীপ	৯৯৪৮ ডলার	পাকিস্তান	১৬২৯ ডলার
শ্রীলঙ্কা	৩৯২৭ ডলার	বাংলাদেশ	১৬০২ ডলার
ভারত	১৮২০ ডলার		

Ans : A.

০৩. বেবি জিঙ্ক ট্যাবলেট আবিষ্কারক প্রতিষ্ঠান-

- A. FAO B. WHO C. UNICEF D. ICDDRB

ব্যাখ্যা : • ICDDRB = International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh.

• ICDDRB প্রতিষ্ঠানটি বেবী জিঙ্ক ট্যাবলেট আবিষ্কার করেন।

Ans : D.

০৪. বাংলায় কুরআন শরীফের প্রথম অনুবাদক কে?

- A. মাওলানা মনিরুজ্জামান B. মাওলানা আকরাম খাঁ
C. কেশব চন্দ্র সেন D. গিরিশ চন্দ্র সেন

ব্যাখ্যা : • গিরিশচন্দ্র সেন (১৮৩৪-১৯১০) বাংলায় কোরআন শরীফ অনুবাদ করেন।

• কেশবচন্দ্রের অনুরোধ ও ব্যবস্থাপনাতে গিরিশচন্দ্র সেন 'কোরআন শরীফ' অনুবাদ করেন। তাছাড়া তিনি 'মিশকাত শরীফের' প্রায় অধিকাংশ, তাজকিরাতুল আউলিয়া, দিওয়ান-ই-হাফিজ ইত্যাদি বহু ইসলামি গ্রন্থ অনুবাদ করেন।

Ans : D.

০৫. GSB বাংলাদেশ সরকারের একটি সংস্থা এর পূর্ণনাম-

- A. Geographical System of Bangladesh
B. Geodetic Survey of Bangladesh
C. Geological Survey of Bangladesh
D. Geomorphologic Survey of Bangladesh

ব্যাখ্যা : GSB- Geographical survey of Bangladesh.

GSB- প্রতিষ্ঠিত হয় ১৯৭১ সালে এর মূল অফিস ঢাকা।

Ans : C.

০৬. বাংলাদেশ পৃথিবীর কোন গোলার্ধে অবস্থিত?

- A. পূর্ব B. পশ্চিম C. উত্তর D. দক্ষিণ

ব্যাখ্যা : • বাংলাদেশ পৃথিবীর উত্তর গোলার্ধে অবস্থিত।

পৃথিবীর মধ্যবর্তী স্থান দিয়ে পূর্ব থেকে পশ্চিম দিকে একটি কাল্পনিক রেখা কল্পনা হয় তাকে অক্ষরেখা/নিরক্ষীয় রেখা বলা হয়।

• এই নিরক্ষীয় রেখার উত্তরাংশকে উত্তর গোলার্ধ এবং দক্ষিণাংশকে দক্ষিণ গোলার্ধ বলা হয়।

• নিরক্ষরেখার উত্তরে বাংলাদেশের অবস্থান।

Ans : C.

০৭. জীবশা জ্বালানী (Petroleum, Natural Gas) ব্যবহারের ক্ষতিকর দিক-
- জটিল প্রক্রিয়াজাত ও বিপন্ন পদ্ধতি
 - স্বাস্থ্য ঝুঁকি
 - বায়ু দূষণ ও ক্রমহ্রাসমানতা
 - শিল্পায়নের অন্তরায়

ব্যাখ্যা : জীবশা জ্বালানী ব্যবহারের ফলে মানব জাতির মারাত্মক স্বাস্থ্য ঝুঁকিতে পরতে হয়।

Ans : B.

০৮. বাংলাদেশ একটি-

- নিম্ন উচ্চতায় মালভূমি
- আগ্নেয় ও রূপান্তরিত শিলা দ্বারা তৈরি সমভূমি
- নদী বিধৌত সমভূমি
- উপরের সবগুলো

ব্যাখ্যা : • বাংলাদেশ পৃথিবীর সবচেয়ে বড় ব-দ্বীপ।

• নদীর পলি মাটি জমে জমে বাংলাদেশ গঠিত হয়েছে। তাই এ দেশকে নদী বিধৌত সমভূমিও বলা হয়।

Ans : C.

০৯. Fill in the blank with correct word.

I'd like to make ___ with you.

- The friend
- Friends
- Friend
- A friend

ব্যাখ্যা : Make friends একটি phrase এর অর্থ বন্ধু হওয়া।

Ans : B.

10. What is the antonym of word 'iniquity'?

- Cruelty
- Injustice
- Equitable
- Intensity

ব্যাখ্যা : Iniquity - অন্যায়/অবিচার

Synonym : Injustice, Misjudgment, Iniquity

Antonym : Goodness, Equitable, Just, Reasonable

Ans : C.

11. Our blessings come from above. The underlined word is-

- Verb
- Adverb
- Adjective
- Noun

ব্যাখ্যা : এখানে 'above' verb 'come' কে modify করেছে তাই above এখানে adverb হিসেবে কাজ করেছে।

Ans : B.

১২. 'বলাহক' শব্দের সমার্থক শব্দ কোনটি?

- জলাশয়
- নদী
- মেঘ
- আকাশ

ব্যাখ্যা : 'বলাহক' এর সমার্থক শব্দগুলো- জলধর, মেঘ, জীমূত, বারিদ, নীরদ, পয়োদ, ঘন, তোয়াধর।

Ans : C.

১৩. হাতভারী বাগধারার অর্থ-

- কৃপণ
- খরুচে
- অসুস্থ
- শক্তিশালী

ব্যাখ্যা : কিছু গুরুত্বপূর্ণ বাগধারা-

বাগধারা	অর্থ
হাত ভারী	কৃপণ
হাত আসা	অভ্যস্ত হওয়া
হাতে থাকা	প্রভাব থাকা
হাতে আনা	আয়ও হওয়া

Ans : A.

১৪. কোনটি সঠিক?

- রাশেদ পুরোপুরি নির্দোষী
- রাশেদ সম্পূর্ণ নির্দোষ
- রাশেদ পুরোটাই নির্দোষী
- রাশেদ শতভাগ নির্দোষ

ব্যাখ্যা :

অসঙ্গ প্রয়োগ	সঙ্গ প্রয়োগ	অসঙ্গ প্রয়োগ	সঙ্গ প্রয়োগ
নির্দোষী	নির্দোষ	নির্দোষী	নির্দোষ
প্রজ্বলিত	প্রজ্বলিত	নিরপরাধী	নিরপরাধ
নিরহংকারী	নিরহংকার	বুড়ফু	বুড়ফু

Ans : B.

১৫. $\vec{a} = \hat{i} + 2\hat{j} + \hat{k}$ এবং $\vec{b} = 3\hat{i} + \hat{j} - 4\hat{k}$ দুটি ভেক্টর রাশি হলে,

$$|2\vec{a} - \vec{b}| = \text{কত?}$$

- $\sqrt{12}$
- $\sqrt{13}$
- $\sqrt{14}$
- $\sqrt{15}$

ব্যাখ্যা : $\vec{a} = \hat{i} + 2\hat{j} + \hat{k} \Rightarrow 2\vec{a} = 2\hat{i} + 4\hat{j} + 2\hat{k}$

$$\vec{b} = 3\hat{i} + \hat{j} - 4\hat{k}$$

$$2\vec{a} - \vec{b} = 2\hat{i} + 4\hat{j} + 2\hat{k} - 3\hat{i} - \hat{j} + 4\hat{k} = -\hat{i} + 3\hat{j} + 6\hat{k}$$

$$\therefore |2\vec{a} - \vec{b}| = \sqrt{(-1)^2 + 3^2 + 6^2} = \sqrt{1+9+36} = \sqrt{46}$$

Ans : নাই।

১৬. উষ্ণতার সাথে শব্দের বেগের পরিবর্তনের সম্পর্কটি হলো-

- $v_1 = v_0 (1 + \alpha t)^{1/2}$
- $v_1 = v_0 (1 - \alpha t)^{1/2}$
- $v_1 = v_0 (1 + \alpha t)^{-1/2}$
- $v_1 = v_0 (1 - 1/2\alpha t)$

Ans : A.

১৭. একটি ইঞ্জিন 3000J তাপ গ্রহণ করে। ইঞ্জিনটি দ্বারা কি পরিমাণ কাজ সম্পাদিত হলে ইঞ্জিনের দক্ষতা 40% হবে?

- 1000 J
- 1500 J
- 1200 J
- 3000 J

ব্যাখ্যা : দক্ষতা, $\eta = \frac{W}{Q}$

$$\therefore \frac{40}{100} = \frac{W}{3000} \Rightarrow W = \frac{40}{100} \times 3000 \Rightarrow W = 1200 \text{ J}$$

Ans : C.

১৮. পানির আপেক্ষিক তাপ হলো-

- 210 Jkg⁻¹K⁻¹
- 2100 Jkg⁻¹K⁻¹
- 4200 Jkg⁻¹K⁻¹
- 140 Jkg⁻¹K⁻¹

ব্যাখ্যা : পানির আপেক্ষিক তাপ = 4200 J kg⁻¹K⁻¹
বরফের আপেক্ষিক তাপ = 2100 J kg⁻¹K⁻¹

Ans : C.

১৯. $2 \times 10^{-2} \text{ m}^2$ ক্ষেত্রফল বিশিষ্ট একটি আদর্শ কৃষ্ণবস্তুর তাপমাত্রা 2000K হলে, এটি কী হারে বিকিরণ করবে?

(স্টিফেনের ধ্রুবক $\sigma = 5.7 \times 10^{-8} \text{ Wm}^{-2}\text{K}^{-4}$)।

- 182.4 W
- 1824 W
- 18240 W
- 182400 W

ব্যাখ্যা : $E = A\sigma T^4 = 2 \times 10^{-2} \times 5.7 \times 10^{-8} \times 2000^4 = 18240 \text{ W}$

Ans : C.

২০. তাপগতীয় কোন প্রক্রিয়ায় গ্যাসের মোট তাপের পরিমাণ স্থির থাকে কিন্তু চাপ ও আয়তনের পরিবর্তন হয়?

- রুদ্ধতাপীয়
- সমোষ্ণ
- সমআয়তন
- সমচাপ

Ans : A.

২১. তাপমাত্রার এক স্কেল হতে আর এক স্কেলে পরিণত করার সম্পর্কটি হলো-
- (উর্ধ্ব স্থিরাংক - নিম্ন স্থিরাংক)/(পাঠ - নিম্ন স্থিরাংক)
 - (পাঠ - নিম্ন স্থিরাংক)/(উর্ধ্ব স্থিরাংক - নিম্ন স্থিরাংক)
 - (পাঠ - উর্ধ্ব স্থিরাংক)/(পাঠ - নিম্ন স্থিরাংক)
 - (পাঠ - উর্ধ্ব স্থিরাংক)/(উর্ধ্ব স্থিরাংক - নিম্ন স্থিরাংক)

ব্যাখ্যা : ● তাপমাত্রার এক স্কেল থেকে অন্য স্কেলে রূপান্তরের সূত্র :
 তাপমাত্রা - নিম্ন স্থির বিন্দু

উর্ধ্ব স্থির বিন্দু - নিম্ন স্থির বিন্দু

● তাপমাত্রার সেন্টিগ্রেড, ফারেনহাইট ও কেলভিন স্কেলের সম্পর্ক :

$$\frac{C}{5} = \frac{F-32}{9} = \frac{K-273.15}{5}$$

Ans : B.

২২. প্রমাণ তাপমাত্রা ও চাপে গ্যাস ধ্রুবক, R এর মান-

- 8.314 JK⁻¹mole⁻¹
- 8.314 mole K⁻¹
- 8.314 JKmole⁻¹
- 8.0314 mole K⁻¹

ব্যাখ্যা : গ্যাস ধ্রুবক R এর বিভিন্ন মান-

● SI এককে R = 8.314 JK⁻¹ mole⁻¹

● C.G.S পদ্ধতিতে, R = 8.314 × 10⁷ ergK⁻¹ mole⁻¹

Ans : A.

২৩. 27°C তাপমাত্রায় ও 0.7 mm পারদ চাপে একটি গ্যাসের আয়তন 10 m³ তাপমাত্রা 87°C ও আয়তন 4m³ করতে হলে কত চাপ প্রয়োগ করতে হবে?

- 3.1 mm
- 2.1 mm
- 2.2 mm
- 4 mm

ব্যাখ্যা : $\frac{P_1 V_1}{T_1} = \frac{P_2 V_2}{T_2}$

$$\Rightarrow P_2 = \frac{P_1 V_1 T_2}{T_1 V_2} = \frac{0.7 \times 10^3 \times 360}{300 \times 4} = 2.1 \text{ mm}$$

Ans : B.

২৪. পরস্পর সংলগ্ন দুটি সুস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব-

- $\frac{\lambda}{4}$
- $\frac{3\lambda}{4}$
- $\frac{\lambda}{2}$
- $\frac{5\lambda}{4}$

ব্যাখ্যা : স্থির তরঙ্গের ক্ষেত্রে-

i) পরপর দুটি সুস্পন্দ বা দুটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = $\lambda/2$

ii) একটি সুস্পন্দ ও একটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = $\lambda/4$

iii) দুটি সুস্পন্দ ও একটি নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = $\lambda/2$

iv) পরপর তিনটি সুস্পন্দ বা নিস্পন্দ বিন্দুর মধ্যবর্তী দূরত্ব = λ

v) পরপর দুটি তরঙ্গচূড়ার মধ্যবর্তী দূরত্ব = λ

Ans : C.

২৫. একটি গ্রহের ভর ও ব্যাসার্ধ উভয় যথাক্রমে পৃথিবীর ভর ও ব্যাসার্ধের তিনগুণ। পৃথিবীর পৃষ্ঠে $g = 9.8 \text{ ms}^{-2}$ হলে, ঐ গ্রহের পৃষ্ঠে g এর মান কত?

- 3.5 ms⁻²
- 3.7 ms⁻²
- 3.37 ms⁻²
- 3.27 ms⁻²

ব্যাখ্যা : টেকনিক : পৃথিবীর ভর ও ব্যাসার্ধের তুলনায় অন্য গ্রহের ও

ব্যাসার্ধ ও ভর n-গুণ হলে, $g' = \frac{1}{n} g_e$

$$\therefore g' = \frac{1}{3} \times 9.8 = 3.27 \text{ ms}^{-2}$$

Ans : D.

২৬. একটি সমান্তরাল পাত ধারকের প্রত্যেক ক্ষেত্রফল 3 গুণ বৃদ্ধি পেলে ও পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 6 গুণ হ্রাস পেলে ধারকের ধারকত্ব কত হবে?
- 18 গুণ বৃদ্ধি পাবে
 - 18 গুণ হ্রাস পাবে
 - 2 গুণ বৃদ্ধি পাবে
 - 2 গুণ হ্রাস পাবে

ব্যাখ্যা : $C = \frac{\epsilon A}{d}$ অর্থাৎ $C \propto \frac{A}{d}$

$$\therefore C \propto \frac{3}{\left(\frac{1}{6}\right)} \Rightarrow C \propto 18 \text{ অর্থাৎ } 18 \text{ গুণ বৃদ্ধি পাবে।}$$

Ans : A.

২৭. দুটি তারের দৈর্ঘ্য ও আপেক্ষিক রোধ সমান। তার দুটির ব্যাস এর অনুপাত 2 : 1। মোটী তারের রোধ 100Ω হলে সর্ব তারের রোধ কত?
- 100Ω
 - 200Ω
 - 400Ω
 - 800Ω

ব্যাখ্যা : ∴ $d_1 : d_2 = 2 : 1$

$$\frac{R_2}{R_1} = \frac{A_1}{A_2} = \frac{\pi r_1^2}{\pi r_2^2} = \frac{\pi \frac{d_1^2}{4}}{\pi \frac{d_2^2}{4}} = \frac{d_1^2}{d_2^2} = \frac{4}{1} = 400 \Omega$$

Ans : C.

২৮. 3A বিদ্যুৎ প্রবাহে একটি ট্যানজেন্ট গ্যালভানোমিটারের বিক্ষেপ 30° হয়। কত বিদ্যুৎ প্রবাহের বিক্ষেপ 45° হবে?

- $\frac{\sqrt{3}}{3} A$
- $3\sqrt{3} A$
- $\frac{\sqrt{3}}{2} A$
- $2\sqrt{3} A$

ব্যাখ্যা : $\frac{I_1}{I_2} = \frac{\tan \theta_1}{\tan \theta_2} \Rightarrow \frac{3}{I_2} = \frac{\tan 30^\circ}{\tan 45^\circ} \Rightarrow \frac{3}{I_2} = \frac{\sqrt{3}}{1} = I_2 = 3\sqrt{3} A$

Ans : B.

২৯. 50 পাকের একটি তার কুন্ডলীকে দুটি চৌম্বক মেরুর মাঝের এক স্থান হতে অন্য স্থানে 2 sec এ নেয়া হল। প্রথম স্থানে চৌম্বক ফ্লাক্স $3 \times 10^{-5} \text{ Wb}$ এবং দ্বিতীয় স্থানে $1 \times 10^{-5} \text{ Wb}$ । কুন্ডলীতে আবিষ্ট বিদ্যুৎচালক বল কত?

- $\frac{1}{1000}$
- $\frac{1}{100}$
- $\frac{1}{3000}$
- $\frac{1}{300}$

ব্যাখ্যা : আবিষ্ট তড়িৎচালক বল, $\epsilon = -N \frac{d\Phi}{dt}$
 $= -50 \left\{ \frac{(1 \times 10^{-5}) - (3 \times 10^{-5})}{2} \right\} = \frac{1}{2000} \text{ V}$

Ans : নাই।

৩০. শূন্য মাধ্যম সাপেক্ষে বায়ুর প্রতিসরাংক 1.0003। শূন্য মাধ্যম ও বায়ুতে আলোর বেগের অনুপাত কত হবে?

- 1:1
- 1.0003:1
- 1:1.0003
- কোনটিই নয়

ব্যাখ্যা : ${}_0\mu_a = \frac{C_0}{C_a} \Rightarrow 1.0003 = \frac{C_0}{C_a}$

$$\therefore C_0 : C_a = 1.0003 : 1$$

Ans : B.

৩১. একজন ছাত্র ত্রুটিপূর্ণ চোখে 0.50 m এর অধিক দূরের বস্তু দেখতে পায় না। সংশোধিত লেন্সের ক্ষমতা কত হলে সে সহজে ও স্পষ্টভাবে দূরের বস্তুকে দেখতে সক্ষম হবে?

- A. $-2D$ B. $+2D$ C. $-\frac{1}{2}D$ D. $+\frac{1}{2}D$

ব্যাখ্যা: $\frac{1}{f} = \frac{1}{u} + \frac{1}{v} \Rightarrow P = \frac{1}{-(0.5)} + \frac{1}{\infty} = -\frac{1}{0.5} + 0 = -2D$

Ans : A.

৩২. একটি বাড়িতে 60 ওয়াটের 10টি বাতি দৈনিক 5 ঘণ্টা ব্যবহৃত হয়। ঐ বাড়িতে 1000 ওয়াটের একটি ইলেক্ট্রিক দৈনিক 1 ঘণ্টা ব্যবহৃত হয়। প্রতি ইউনিট বিদ্যুতের দাম 5 টাকা হলে একমাসে (30 দিন) কত বিল হবে?

- A. 600 টাকা B. 1200 টাকা C. 300 টাকা D. 1000 টাকা

ব্যাখ্যা: টেকনিক : t সময়ে বিদ্যুৎ বিল = $\frac{PNtb}{1000}$

এখানে, P = পরিবাহীর ক্ষমতা

N = বস্তুর সংখ্যা

b = প্রতি ইউনিট বিদ্যুৎ বিল

\therefore বিল = $5 \times \left(\frac{60 \times 10 \times 5 \times 30}{1000} + \frac{1000 \times 1 \times 1 \times 30}{1000} \right)$
= 600 taka

Ans : A.

৩৩. গোলাীয় দর্পণের ফোকাস দূরত্ব এর বক্রতার ব্যাসার্ধের-

- A. সমান B. অর্ধেক C. দ্বিগুণ D. 4 গুণ

ব্যাখ্যা : অবতল বা উত্তল অর্থাৎ যে কোন গোলাীয় দর্পণের ফোকাস দূরত্ব বক্রতার ব্যাসার্ধের অর্ধেক।

Ans : B.

৩৪. কোন স্থানে একই সঙ্গে বৈদ্যুতিক ক্ষেত্র এবং চৌম্বক ক্ষেত্র বিদ্যমান থাকলে একটি গতিশীল চার্জ যে বল অনুভব করে তাকে কী বলে?

- A. তড়িৎ বল B. চৌম্বক বল
C. মাধ্যাকর্ষণ বল D. লরেঞ্জ বল

ব্যাখ্যা : কোন স্থানে একই সঙ্গে বৈদ্যুতিক ক্ষেত্র এবং চৌম্বক ক্ষেত্র বিদ্যমান থাকলে একটি গতিশীল চার্জ যে বল অনুভব করে তাকে লরেঞ্জ বল বলে।

লরেঞ্জ বল, $\vec{F} = q[\vec{E} + (\vec{V} \times \vec{B})]$

Ans : D.

৩৫. X-ray এর তরঙ্গ দৈর্ঘ্য λ_1 এবং সাধারণ আলোকের তরঙ্গ দৈর্ঘ্য λ_2 হলে কোন সম্পর্কটি সঠিক?

- A. $\lambda_1 = \lambda_2$ B. $\lambda_1 > \lambda_2$ C. $\lambda_1 < \lambda_2$ D. $\lambda_1 = 1/\lambda_2$

ব্যাখ্যা : এক্সরের তরঙ্গদৈর্ঘ্য খুব ছোট, প্রায় 10^{-10} m এর কাছাকাছি।

Ans : C.

৩৬. গামা রশ্মি সম্পর্কে কোনটি সঠিক?

- A. ধনাত্মক চার্জযুক্ত B. ঋণাত্মক চার্জযুক্ত
C. চার্জ নিরপেক্ষ D. চৌম্বক ক্ষেত্র দ্বারা বিক্ষিপ্ত হয়

ব্যাখ্যা : গামা রশ্মির কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য-

- তড়িৎ চৌম্বক তরঙ্গ
- ভরহীন
- আধান নিরপেক্ষ/আধান নেই
- বেগ : $3 \times 10^8 \text{ ms}^{-1}$
- পাল্লা : 30 cm লোহা
- তরঙ্গদৈর্ঘ্য : 1.37×10^{-10} m থেকে 7.1×10^{-14} m

Ans : C.

৩৭. $n(A) = 17, n(B) = 28$ এবং $n(A \cap B) = 14$ হলে $n(A \cup B) =$ কত?

- A. 45 B. 31
C. 13 D. 23

ব্যাখ্যা : $n(A) = 17, n(B) = 28$ এবং $n(A \cap B) = 14$

$\therefore n(A \cup B) = n(A) + n(B) - n(A \cap B)$
= $17 + 28 - 14 = 31$

Ans : B.

৩৮. $A = \begin{pmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{pmatrix}$ হলে A^2 এর মান কত?

- A. $\begin{pmatrix} 1 & 8 \\ 12 & 17 \end{pmatrix}$ B. $\begin{pmatrix} 9 & -4 \\ 0 & 17 \end{pmatrix}$
C. $\begin{pmatrix} 9 & -4 \\ -8 & 17 \end{pmatrix}$ D. $\begin{pmatrix} 9 & 0 \\ -8 & 17 \end{pmatrix}$

ব্যাখ্যা :

$A^2 = \begin{pmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{pmatrix} \begin{pmatrix} 1 & 2 \\ 4 & -3 \end{pmatrix} = \begin{pmatrix} 1+8 & 2-6 \\ 4-12 & 8+9 \end{pmatrix} = \begin{pmatrix} 9 & -4 \\ -8 & 17 \end{pmatrix}$

Ans : C.

৩৯. 2, 3, 4, 5, 6, 7 ও 8 এই অংকগুলোর প্রত্যেকটিকে প্রত্যেক সংখ্যায় একবার মাত্র ব্যবহার করে চার অঙ্কের কতগুলো পৃথক সংখ্যা গঠন করা যেতে পারে?

- A. 480 B. 840 C. 120 D. 240

ব্যাখ্যা: নির্ণেয় সংখ্যা = ${}^7P_4 = 840$

Ans : B.

৪০. $|3x + 2| < 7$ হলে x এর মান হবে-

- A. $1 < x < 2$ B. $x > -3$
C. $x < \frac{5}{3}$ D. $-3 < x < \frac{5}{3}$

ব্যাখ্যা : $|3x + 2| < 7 \Rightarrow -7 < 3x + 2 < 7$

$\Rightarrow -7 - 2 < 3x < 7 - 2$

$\Rightarrow -9 < 3x < 5$

$\Rightarrow -3 < x < \frac{5}{3}$

Ans : D.

৪১. $\cos \theta = \frac{4}{5}$ হলে $\frac{1 - \tan^2 \theta}{1 + \tan^2 \theta}$ এর মান কত?

- A. $\frac{7}{15}$ B. $\frac{7}{25}$ C. $\frac{17}{25}$ D. $\frac{17}{35}$

ব্যাখ্যা : $\frac{1 - \tan^2 \theta}{1 + \tan^2 \theta} = \cos 2\theta = 2\cos^2 \theta - 1 = 2 \times \frac{16}{25} - 1 = \frac{7}{25}$

Ans : B.

!!! বের হয়েছে !!!

সম্পূর্ণ নতুন আঙ্গিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইউনিট ভিত্তিক লিখিত অংশের পূর্ণাঙ্গ প্রস্তুতির জন্য

- ◆ পানকৌড়ি Written (A Unit)
- ◆ পানকৌড়ি Written (B + D Unit)
- ◆ পানকৌড়ি Written (C Unit)

৪২. $2(\cos^2 \theta - \sin^2 \theta) = \sqrt{3}$ হলে θ এর মান কত?

- A. $\pi + \frac{\pi}{12}$ B. $n\pi \pm \frac{\pi}{12}$
C. $n\pi \pm \frac{\pi}{6}$ D. $n\pi + \frac{\pi}{12}$

ব্যাখ্যা : $2(\cos^2 \theta - \sin^2 \theta) = \sqrt{3} \Rightarrow 2\cos^2 \theta - 1 = \frac{\sqrt{3}}{2}$
 $\Rightarrow \cos 2\theta = \frac{\sqrt{3}}{2} = \cos \frac{\pi}{6} \Rightarrow 2\theta = 2n\pi \pm \frac{\pi}{6}$
 $\therefore \theta = n\pi \pm \frac{\pi}{12}$

Ans : B.

৪৩. $(\operatorname{cosec}^{-1} x + \sec^{-1} x) =$ কত?

- A. $\frac{\pi}{2}$ B. $\frac{\pi}{4}$ C. $\frac{3\pi}{2}$ D. $\frac{\pi}{6}$

ব্যাখ্যা : (i) $\sin^{-1} x + \cos^{-1} x = \frac{\pi}{2}$
(ii) $\tan^{-1} x + \cot^{-1} x = \frac{\pi}{2}$
(iii) $\sec^{-1} x + \operatorname{cosec}^{-1} x = \frac{\pi}{2}$

Ans : A.

৪৪. $(x + y, -1)$ এবং $(3, x - y)$ ক্রমজোড় দুইটি সমান হলে, x ও y এর মান কত?

- A. (2, 1) B. (0, 2) C. (1, 2) D. (2, 2)

ব্যাখ্যা : $x + y = 3$
 $x - y = -1$
 $\therefore x = 1, y = 2$

Ans : C.

৪৫. $(1 - x)^{-1}$ এর বিস্তৃতি x এর কোন মানের জন্য সত্য?

- A. $-1 \leq x \leq 2$ B. x এর সকল ধনাত্মক মান
C. $x > 1$ D. $-1 < x < 1$

ব্যাখ্যা :
 $(1 - x)^{-1}$ এর বিস্তৃতি হবে যখন, $|x| < 1 \Rightarrow -1 < x < 1$

Ans : D.

